# ইনোভেশন জরিপে বিএনপিকে ক্ষমতায় দেখতে চায় ৫২.৮০ শতাংশ ভোটার



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে করা এক জরিপে দেখা গেছে, ৫২.৮০ শতাংশ ভোটার বিএনপি জোটকে সমর্থন করতে আগ্রহী। অন্যদিকে জামায়াত ও এনসিপি জোটের পক্ষে মত দিয়েছেন ৩১ শতাংশ অংশগ্রহণকারী। ভোটারদের মনোভাব নিয়ে এসব তথ্য তুলে ধরেছে সামাজিক গবেষণা সংস্থা ইনোভেশন কনসাল্টিং। কারওয়ান বাজারের বিডিবিএল ভবনে আয়োজিত এক উপস্থাপনায় জরিপের ফল প্রকাশ করা হয়। এতে আরও জানা যায়, ইসলামী আন্দোলনের প্রতি সমর্থন জানিয়েছেন ১ শতাংশ মানুষ। আর ১৩.২ শতাংশ উত্তরদাতা জানিয়েছেন, তারা ভোট নিয়ে এখনও কোনো সিদ্ধান্ত নেননি।

জরিপে সম্ভাব্য সরকারপ্রধান নিয়েও মতামত নেওয়া হয়। ৫ হাজার ১৪৭ জনের অংশগ্রহণে করা এই জরিপে ৪৭.৬ শতাংশ তারেক রহমানকে এগিয়ে রেখেছেন। জামায়াত আমির ডা. শফিকুর রহমানের পক্ষে মত দিয়েছেন ২২.৫ শতাংশ এবং নাহিদ ইসলামের পক্ষে ২.৭ শতাংশ।

এছাড়া গণভোট প্রসঙ্গে ৬০ শতাংশ অংশগ্রহণকারী ‘হ্যাঁ’ ভোট দেওয়ার আগ্রহ প্রকাশ করেছেন। তবে এ বিষয়ে ২২ শতাংশ মানুষ অজ্ঞতা জানিয়েছেন এবং ২২.২ শতাংশ কোনো উত্তর দেননি। জরিপে উল্লেখ করা হয়, এসব ফলাফল চূড়ান্ত সিদ্ধান্তের প্রতিফলন নাও হতে পারে।